

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

নং-৫২.০০.০০০০.০০৫.১১.৮৬৩.১৭-৪৩৭

তারিখঃ ০২ কার্তিক ১৪২৪  
১৭ অক্টোবর ২০১৭

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮/১০/২০১৭ তারিখের ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪ (অংশ-১)-২৮৭ নম্বর স্মারকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা ২০১০ অনুসরণে এবং বিবিএস-এর নিয়োগবিধি The Gazetted Officers (Statistics Division) Recruitment Rules, 1978 এর আলোকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-৯, টাকা ২২০০০/-৫৩০৬০/- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে “পরিসংখ্যান কর্মকর্তা” পদে বর্ণিত প্রার্থীকে অস্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম: নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা	রেজি: নং	নিজ জেলা
১	বেগম নুরুন্নাহার পিতা- মো: নুরুল আমিন মাতা- হাছিনা আক্তার	স্থায়ীঃ বাড়ি-০৯, রোড-০৮, ব্লক-বি, বসিলা গার্ডেন সিটি, ঢাকা (উ:) সিটি কর্পোরেশন। ডাকঘর-মোহাম্মদপুর, উপজেলা-মোহাম্মদপুর, জেলা-ঢাকা বর্তমানঃ ২/২ আলী নূর রিয়েলএস্টেট, ঢাকা (উ:) সিটি কর্পোরেশন ডাকঘর: মোহাম্মদপুর, থানা: মোহাম্মদপুর, জেলা- ঢাকা।	০৭৮১৬৪	ঢাকা

শর্ত:

- (০১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ২৫/১০/২০১৭ তারিখ পূর্বাঙ্কে সচিব বরাবর যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো;
- (০২) নিয়োগকৃত কর্মকর্তা নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগে আগ্রহী নয় বিবেচনায় তাঁর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- (০৩) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের শর্ত মোতাবেক সরকারি কর্মকর্তার উক্ত নিয়োগ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন হওয়া সাপেক্ষ। উক্ত মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত প্রার্থীর নিয়োগ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শকরণ ব্যতিরেকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে;
- (০৪) এ নিয়োগ পুলিশ কর্তৃক প্রার্থীর প্রাক চরিত্র যাচাই সাপেক্ষ। পুলিশী তদন্ত প্রতিবেদনে যদি কোন বিরূপ মন্তব্য কিংবা তথ্য পাওয়া যায় তবে সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে উক্ত কর্মকর্তার নিয়োগাদেশ বাতিল করা হবে;
- (০৫) নিয়োগকৃত কর্মকর্তার চাকরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর চাকরি স্থায়ীকরণের বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রয়োজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবে;
- (০৬) শিক্ষানবিশকালে তার চাকরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি ও তাৎক্ষণিকভাবে তাঁকে চাকরি হতে অপসারণ করতে পারবে;
- (০৭) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক প্রেরিত পত্রের শর্ত মোতাবেক সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগের সুপারিশ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারী আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

